# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

**প্রধান কার্যালয়**

বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রূপনগর, মিরপুর-০২, ঢাকা-১২১৬

PDBF

স্মারক নং- পিডিবিএফ/এইচআরএম/৩৪৭/২০১৫/৩৮৯২ তারিখঃ ১৯/১০/২০১৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কর্তৃক কিছুসংখ্যক নিম্নবর্ণিত স্থায়ী পদে নিয়োগ ও প্যানেলভুক্তির লক্ষ্যে আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (২০০৯) | প্রয়োজনীয় যোগ্যতা | পরীক্ষা কেন্দ্র | যে বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | সহকারী হিসাব কর্মকর্তা (Assistant Accounts Officer) | ৬,৪০০-৪১৫×৭-৯,৩০৫-ইবি-৪৫০×১১-১৪,২৫৫ গ্রেড-১১ | সকল পরীক্ষায় ২য় বিভাগ বা সমমানসহ (সিজিপিএ ২.২৫) কোন শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোন কলেজ/বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি থাকতে হবে। কম্পিউটার চালনায় দক্ষতা (MS Word, MS Excel) সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | ঢাকা | সকল বিভাগ |
| ২ | মাঠ সংগঠক (Field Organizer) | ৫,২০০-৩২০×৭-৭,৪৪০ ইবি-৩৪৫×১১-১১,২৩৫ গ্রেড-১৪ | সকল পরীক্ষায় ২য় বিভাগ বা সমমানসহ (সিজিপিএ ২.২৫) কোন শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত কোন কলেজ/বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাস হতে হবে। | কুমিল্লা | চট্টগ্রাম বিভাগের সকল জেলা |
| | | | | সিলেট | সিলেট বিভাগের সকল জেলা |
| | | | | ঢাকা | ঢাকা, নারায়ণগঞ্জ, নরসিংদী , মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল ও গাজীপুর জেলা |
| | | | | ফরিদপুর | ফরিদপুর, রাজবাড়ী, মাদারীপুর, শরীয়তপুর ও গোপালগঞ্জ জেলা |
| | | | | ময়মনসিংহ | ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোণা, ও কিশোরগঞ্জ জেলা |
| | | | | বরিশাল | বরিশাল বিভাগের সকল জেলা |
| | | | | বগুড়া | রাজশাহী বিভাগের সকল জেলা |
| | | | | খুলনা | খুলনা বিভাগের সকল জেলা |
| | | | | দিনাজপুর | রংপুর বিভাগের সকল জেলা |

**শর্তাবলীঃ**

১. উল্লেখিত ২ টি পদে নিয়োগপ্রাপ্তদের শিক্ষানবিস হিসেবে নিয়োগ দেয়া হবে। উভয় পদে পরীক্ষা একই তারিখ এবং একই সময় অনুষ্ঠিত হবে।

২. প্রশিক্ষণ ও সন্তোষজনকভাবে শিক্ষানবিসকালের মেয়াদ সমাপ্ত হলে চাকুরী স্থায়ী করা হবে এবং পিডিবিএফ বেতন স্কেলে উল্লেখিত পদের জন্য নির্ধারিত স্কেলসহ অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে। শিক্ষানবিসকাল হবে ১ বছর এবং শিক্ষানবিসকালে স্ব স্ব পদের স্কেলের প্রারম্ভিক মূল বেতন সাকুল্য বেতন হিসেবে গণ্য হবে।

৩. নিয়োগপ্রাপ্তদের যে কোন জেলার গ্রামাঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।

৪. ক্রমিক নং ১ এর কর্মীদের হিসাব রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনায় পারদর্শী হতে হবে।

৫. ক্রমিক নং ২ এর কর্মীদের পিডিবিএফ-এর সুফলভোগী সদস্যদের মাঝে ঋণ বিতরণ, কিস্তি আদায়, সঞ্চয় আদায় ইত্যাদি কাজে আগ্রহী হতে হবে। ক্ষুদ্র ঋণ ও স্মল এন্টারপ্রাইজ লোনের কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

৬. ৩০-০৯-২০১৫ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ও উপজাতিদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।

৭. আবেদনকারী মুক্তি যোদ্ধা কোটায় আবেদন করলে মৌখিক পরীক্ষার সময় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মূল সনদ উপস্থাপন করতে হবে।

৮. কেন্দ্রের পাশে উল্লেখিত বিভাগ/জেলাসমূহের স্থায়ী বাসিন্দাগণই শুধুমাত্র উক্ত কেন্দ্রে পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন।

৯. কেবলমাত্র যোগ্যতম প্রার্থীগণ লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ পাবে।

১০. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের মূলকপি ও এক সেট সত্যায়িত ফটোকপি সাথে আনতে হবে। এছাড়াও জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মূলকপি ও সত্যায়িত ফটোকপি অবশ্যই সাথে আনতে হবে। উল্লেখ্য যে, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় উল্লেখিত সনদসমূহের সত্যায়িত ফটোকপির সাথে অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ও জীবন বৃত্তান্তের কপি জমা দিতে হবে।

১১. অনলাইন ব্যতীত সরাসরি বা ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১২. নিয়োগপ্রাপ্তদের চাকুরী পিডিবিএফ কর্মচারী চাকুরী প্রবিধানমালা-৩/২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১৩. ত্রুটিপূর্ণ এবং অসম্পূর্ণ আবেদন এবং আবেদনপত্রে কোন তথ্য গোপন করা হলে বা অসত্য প্রমাণিত হলে পরবর্তীতে চাকুরীচ্যুতসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। বিজ্ঞপ্তির যে কোন অংশ সংশোধন, সংযোজন বা বিয়োজনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলীঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://pdbf.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদন পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ২১-১০-২০১৫, সকাল ১০:০০ ঘটিকা।

ii) Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: ১০-১১-২০১৫, সন্ধ্যা ০৬:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ Application Form যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য জনপ্রতি ২২৩ (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: PDBF<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে

দ্বিতীয় SMS: PDBF<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pdbf.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে PDBF<space>Help<space>User<space>User ID & send to 16222; Example: PDBF Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে PDBF<space>Help<space>PIN<space>PIN No & send to 16222; Example: PDBF Help PIN 1234567 & send to 16222

ঝ. পিডিবিএফ নিয়োগ পরীক্ষা ২০১৫-এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী, পরীক্ষা সংক্রান্ত তথ্য ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://pdbf.teletalk.com.bd এ পাওয়া যাবে।

আ.আ. ম. আনোয়ারুজ্জামান

পরিচালক, মানব সম্পদ ও উন্নয়ন

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)